রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/১৯ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ৪১৮-আইন/২০২৫।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা নিবন্ধন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "জিপিএ" অর্থ Grade Point Average (GPA);

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


মূল্য : টাকা ২৪.০০

(জ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলি বা পদায়নের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে, এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর জাতীয় বেতন স্কেল এর ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদ এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির শিক্ষানবিশকাল হইবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসর:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ বর্ধিত করিতে পারিবে, তবে এইরূপে বর্ধিত মেয়াদ ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক না হয়, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা না থাকে, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক নয়, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ন হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) তফসিলের—

(ক) ক্রমিক নং ১৫ ও ১৭ এ উল্লিখিত অধিদপ্তরের অফিস সহকারী এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদসমূহ বদলিযোগ্য হইবে না;

(খ) ক্রমিক নং ১৬ এ উল্লিখিত জেলা রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী পদ বদলিযোগ্য হইবে না।

৮। **রহিতকরণ ও হেফাজত।**―(১) Gazzetted Officers (Registration Department) Recruitment Rules, 1979, অত:পর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন―

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, উক্ত Rules এর অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**
**[বিধি-২, ৩ ও ৭ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | মহা-পরিদর্শক, নিবন্ধন (আই.জি.আর) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** অতিরিক্ত মহা-পরিদর্শক, নিবন্ধন (এডিশনাল আই.জি.আর) পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের জেলা ও দায়রা জজ পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ২. | অতিরিক্ত মহা-পরিদর্শক, নিবন্ধন (এডিশনাল আই.জি.আর) | - | পদোন্নতির মাধ্যমে | উপ মহা-পরিদর্শক, নিবন্ধন (ডেপুটি আই.জি.আর) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩. | উপ মহা-পরিদর্শক, নিবন্ধন (ডেপুটি আই.জি.আর) | - | পদোন্নতির মাধ্যমে | নিবন্ধন কার্যালয়সমূহের পরিদর্শক (আই.আর.ও)/সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন (এ.আই.জি.আর) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪. | নিবন্ধন কার্যালয়সমূহের পরিদর্শক (আই.আর.ও)/সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন (এ.আই.জি.আর) | - | পদোন্নতির মাধ্যমে | জেলা রেজিস্ট্রার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫. | জেলা রেজিস্ট্রার | - | পদোন্নতির মাধ্যমে | সাব-রেজিস্ট্রার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৬. | সাব-রেজিস্ট্রার | ৩২ বৎসর | (ক) শতকরা ৫ (পাঁচ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) শতকরা ৯৫ (পঁচানব্বই) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসর এবং অধিদপ্তরের প্রধান সহকারী বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসর অথবা জেলা রেজিস্ট্রার কার্যালয়ের প্রধান সহকারী বা অধিদপ্তরের উচ্চমান সহকারী পদে অন্যূন ১৫ (পনেরো) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) অথবা স্নাতকসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| ৭. | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাবরক্ষক পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) অথবা ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৮. | এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ৯. | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর বা প্রধান সহকারী (অধিদপ্তরের) পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরি। |
| ১০. | প্রধান সহকারী (অধিদপ্তর এর ক্ষেত্রে) | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী ও জেলা রেজিস্ট্রার কার্যালয়ে প্রধান সহকারী হিসাবে কর্মরতদের মধ্য হইতে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি এবং যৌথ ক্রমায়ন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে। |
| ১১. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২. | প্রধান সহকারী (জেলা রেজিস্ট্রার কার্যালয়ের ক্ষেত্রে) | - | (ক) শতকরা ৮০ (আশি) ভাগ পদ সাব রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী, জেলা রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী/ রেকর্ডকিপার/ নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ অনুযায়ী নিয়োগকৃত টি.সি সহকারী কাম | ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং অধিদপ্তরের অফিস সহকারী/টি.সি সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ পত্র প্রেরক পদ হইতে যৌথ ক্রমায়ন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে;<br>(খ) শতকরা ২০ (বিশ) ভাগ পদ অধিদপ্তরের অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটর এবং জেলা রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদ হইতে যৌথ ক্রমায়ন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৩. | উচ্চমান সহকারী (অধিদপ্তরের ক্ষেত্রে) | - | (ক) শতকরা ৮০ (আশি) ভাগ পদ সাব রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী, জেলা রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী/রেকর্ড কিপার/ নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ অনুযায়ী নিয়োগকৃত টি.সি সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং অধিদপ্তরের অফিস সহকারী/টি.সি সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/পত্র প্রেরক পদ হইতে যৌথ ক্রমায়ন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে;<br>(খ) শতকরা ২০ (বিশ) ভাগ পদ অধিদপ্তরের অফিস সহকারী-কাম কম্পিউটার | ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকরি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | মুদ্রাক্ষরিক/অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর ও ডাটা এন্ট্রি অপারেটর এবং জেলা রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ অফিস সহকারী- কাম- কম্পিউটার অপারেটর পদ হইতে যৌথ ক্রমায়ন তালিকা অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে | |
| ১৪. | হিসাব রক্ষক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৫ | অফিস সহকারী (অধিদপ্তরের ক্ষেত্রে) | ৩২ বৎসর | (ক) শতকরা ২০ (বিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) শতকরা ৮০ (আশি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অধিদপ্তরে কর্মরত অফিস সহায়ক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬. | অফিস সহকারী (সাব-রেজিস্ট্রার কার্যালয়ের ক্ষেত্রে ও জেলা রেজিস্ট্রার কার্যালয়ের ক্ষেত্রে)/ রেকর্ড কিপার (জেলা রেজিস্ট্রার কার্যালয়ের ক্ষেত্রে) | নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ অনুযায়ী । | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৭. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর(অধিদপ্তর ও জেলা রেজিস্ট্রার কার্যালয়ের ক্ষেত্রে) | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮. | ডাটা এন্ট্রি অপারেটর | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সর্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯. | গাড়ী চালক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ২০. | পত্র প্রেরক | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে<br>পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>নথি সরবরাহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সর্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২১. | মোহরার/<br>সহকারী রেকর্ড কিপার | - | (ক) শতকরা ২০ (বিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ (আশি) ভাগ পদ নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ অনুযায়ী পূরণযোগ্য। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪ অনুযায়ী পূরণের ক্ষেত্রে:**<br>নিবন্ধন ম্যানুয়াল, ২০১৪-এ বর্ণিত যোগ্যতা। |
| ২২. | নথি সরবরাহকারী | - | পদোন্নতির মাধ্যমে | নিবন্ধন অধিদপ্তরের অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৩. | অফিস সহায়ক | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা আউটসোর্সিং এর শর্তে সৃজিত পদসমূহ আউটসোর্সিং এর মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**আউটসোর্সিং এর ক্ষেত্রে:**<br>অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী। |
| ২৪. | নিরাপত্তা প্রহরী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা আউটসোর্সিং এর শর্তে সৃজিত পদসমূহ আউটসোর্সিং এর মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুঠাম দেহের অধিকারী; এবং |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | (গ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। **আউটসোর্সিং এর ক্ষেত্রে:** অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী। |
| ২৫. | পরিচ্ছন্নতা কর্মী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা আউটসোর্সিং এর শর্তে সৃজিত পদসমূহ আউটসোর্সিং এর মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) পরিচ্ছন্নতা কর্মী পদে নিয়োগের ক্ষেত্রে জাত হরিজন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করিতে হইবে: তবে শর্ত থাকে যে, জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে। **আউটসোর্সিং এর ক্ষেত্রে:** অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী। |

**তফসিল-২**
**[তফসিল-১ দ্রষ্টব্য]**

**সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, হিসাবরক্ষক, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী (অধিদপ্তর), ডাটা এন্ট্রি অপারেটর এবং পত্র প্রেরক পদে সরাসরি বা, ক্ষেত্রমত, পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

ব্যাখ্যা : (১) নিম্নবর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন, যথা:—

(ক) লিখিত পরীক্ষা; এবং

(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য তফসিল-২ ও ৩ এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহকারী (অধিদপ্তর)/ হিসাব রক্ষক এবং ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য তফসিল-২ ও ৪ এ বর্ণিত পরীক্ষা।

(২) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

**[তফসিল -১ দ্রষ্টব্য]**

**সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদের কম্পিউটার মুদ্রাক্ষর ও সাঁটলিপি পরীক্ষার নাম, গতি, নম্বর, ইত্যাদি:**

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| | সাঁটলিপি | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |

ব্যাখ্যা : (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**
**[তফসিল-১ দ্রষ্টব্য]**

**অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী (অধিদপ্তর), হিসাব রক্ষক এবং ডাটা এন্ট্রি অপারেটর, ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি, নম্বর, ইত্যাদি:**

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

ব্যাখ্যা : (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৫**

**[তফসিল-১ দ্রষ্টব্য]**

**অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ঘণ্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

**তফসিল-৬**
**[তফসিল-১ দ্রষ্টব্য]**

**নিরাপত্তা প্রহরী পরীক্ষার বিষয়, সময়, নম্বর, ইত্যাদি:**

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ১৫ | ৫০% | ১ঘণ্টা |
| | ২। ইংরেজি | ১০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | মোট | ৪০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ৫০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd